# বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৮
# এবং
# বিসিআইসি কর্মচারী ভ্রমণভাতা প্রবিধানমালা, ১৯৮৯


বাংলাদেশ কেমিক্যাল ইণ্ডাস্ট্রীজ কর্পোরেশন

বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারী ১৬, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিল্প মন্ত্রাণালয়**
**বাংলাদেশ কেমিক্যাল ইণ্ডাষ্ট্রিজ কর্পোরেশন**
প্রজ্ঞাপন
ঢাকা, ৩রা মাঘ, ১৩৯৫/১৬ই জানুয়ারী, ১৯৮৯

নং এস, আর, ও ২২-আইন/৮৯-Bangladesh Industrial Enterprises (Nationalisation) Order, 1972 (P. O. No. 27 of 1972) এর Article 25 এ প্রদত্ত ক্ষমতাবলে Bangladesh Chemical Industries Corporation এর Board of Directors, সরকারের পূর্ব অনুমতিক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিলেন, যথা ঃ-

## প্রথম অধ্যায়

### সূচনা

১। **সংক্ষিপ্ত শিরনামা ও প্রয়োগ।** – (১) এই প্রবিধানমালা বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা কর্পোরেশনের সকল সার্বক্ষণিক কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে, তবে চুক্তি ভিত্তিতে নিয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে, এই প্রবিধানমালার কোন কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চুক্তিতে স্পষ্টভাবে উল্লেখিত না থাকিলে উক্ত বিধান প্রযোজ্য হইবে না।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়,-

(ক) "অসদাচরণ" বলিতে চাকুরীর শৃঙ্খলা বা নিয়মের হানিকর, অথবা কোন কর্মচারী বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয় এমন, আচরণকে বুঝাইবে এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভূক্ত হইবে, যথা ঃ-

(১) উর্দ্ধতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণ;

(২) কর্তব্যে অবহেলা;

(৩) কোন আইনসংগত কারণ ব্যতিরেকে কর্পোরেশনের কোন আদেশ পরিপত্র অথবা নির্দেশের প্রতি অবজ্ঞা প্রদর্শন; এবং

(৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার বিবেচনাহীন, বিরক্তিকর, মিথ্যা বা অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশকরণ।

(খ) "উপযুক্ত কর্তৃপক্ষ" বলিতে এই প্রবিধানমালার অধীন কোন নির্দিষ্ট কার্য নিষ্পত্তির উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে বোর্ড কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বুঝাইবে;

(গ) "কর্তৃপক্ষ" বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষের উর্দ্ধতন কর্তৃপক্ষ ইহার অন্তর্ভূক্ত হইবে;

(ঘ) "কর্পোরেশন" বলিতে Bangladesh Industrial Enteprises (Nationalisation) Order, 1972 (P.O. No. 27 of 1972) এর অধীন প্রতিষ্ঠিত Bangladesh Chemical Industries Corporation কে বুঝাইবে;

(ঙ) "কর্মকর্তা" বলিতে কর্পোরেশনের কোন কর্মকর্তাকে বুঝাইবে;

(চ) "কর্মচারী" বলিতে কর্পোরেশনের স্থায়ী বা অস্থায়ী যে কোন কর্মচারীকে বুঝাইবে এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভূক্ত হইবেন;

(ছ) "তফসিল" বলিতে এই প্রবিধান মালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে;

(জ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" বলিতে ক্ষেত্রমত স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেটকে বুঝাইবে;

(ঝ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে বোর্ডকে বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য বোর্ড কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভূক্ত হইবেন;

(ঞ) "পদ" বলিতে তফসিলে উল্লেখিত কোন পদকে বুঝাইবে;

(ট) "পলায়ন" বলিতে বিনা অনুমতিতে চাকুরী বা কর্মস্থল ত্যাগ করা, অথবা ষাট দিন বা তদূর্দ্ধ সময় যাবৎ কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর ষাট দিন বা তদূর্ধ সময় পুনঃ অনুমতি গ্রহণ ব্যতিরেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশ ত্যাগ করা এবং ত্রিশ দিন বা তদূর্ধ সময় বিদেশে অবস্থান করা, অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ষাট দিন বা তদূর্ধ সময় বিদেশে অবস্থান করাকে বুঝাইবে;

(ঠ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে কোন পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতাকে বুঝাইবে;

(ড) "বাছাই কমিটি" বলিতে প্রবিধান ৪ এর অধীন গঠিত কোন বাছাই কমিটিকে বুঝাইবে;

(ঢ) "বোর্ড" বলিতে কর্পোরেশনের Board of Directors কে বুঝাইবে;

(ণ) "স্বীকৃত ইনষ্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বলিতে, এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, কর্পোরেশন কর্তৃক স্বীকৃত কোন ইনষ্টিটিউট বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;

(ত) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে কর্পোরেশন কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(থ) "স্বীকৃত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডকে বুঝাইবে এবং এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

## দ্বিতীয় অধ্যায়
## নিয়োগ

৩। **নিয়োগ পদ্ধতি** ।– (১) এই অধ্যায় এবং তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ দান করা যাইবে, যথা ঃ–

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন পদের জন্য কোন ব্যক্তির প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে নির্ধারিত বয়ঃসীমার মধ্যে না হইলে তাহাকে উক্ত পদে নিয়োগ করা হইবে নাঃ

তবে শর্ত থাকে যে, বোর্ড সরকারের নির্দেশ অনুসারে, কোন বিশেষ শ্রেণীর প্রার্থীগণের ক্ষেত্রে উক্ত বয়সসীমা শিথিল করিতে পারে।

৪। **বাছাই কমিটি**।– কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগ দানের উদ্দেশ্যে, বোর্ড এক বা একাধিক বাছাই কমিটি নিয়োগ করিবে।

৫। **সরাসরি নিয়োগ**।– (১) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের জন্য উপযুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি–

(ক) বাংলাদেশের নাগরিক না হন; অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(২) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না–

(ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত চিকিৎসা-পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা তাহাকে স্বাস্থ্যগতভাবে উক্ত পদের দায়িত্ব পালনের উপযুক্ত বলিয়া প্রত্যায়ন করেন;

(খ) এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ, যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় যে, কর্পোরেশনের চাকুরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৩) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সকল পদ উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহবান করিয়া পূরণ করা হইবে এবং এইরূপ নিয়োগের ক্ষেত্রে, সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

(৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, এতদুদ্দেশ্যে বোর্ড কর্তৃক নিযুক্ত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগদান করা হইব।

৬। **শিক্ষানবিসি** ।– (১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ ছয় মাসের জন্য শিক্ষানবিস থাকিবেন ঃ তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অনূর্ধ ছয় মাসের জন্য বৃদ্ধি করিতে পারিবে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিসি মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় (যদি থাকে) পাশ করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহণ করিয়া থাকেন।

৭। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ** ।– (১) প্রবিধান ১৪ এর বিধান সাপেক্ষে, কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক এতদুদ্দেশ্যে বাছাইকৃত প্রার্থীদের তালিকা বিবেচনাক্রমে নিয়োগদান করিবে।

(২) কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত (Service Record) সন্তোষজনক না হইলে, তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

## তৃতীয় অধ্যায়

## চাকুরীর সাধারণ শর্তাবলী

৮। **যোগদানের সময়**।- (১) এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে বদলীর ক্ষেত্রে, একই পদে বা কোন নতুন পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথা ঃ-

(ক) প্রস্তুতির জন্য ছয় দিন, এবং

(খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পন্থায় ভ্রমণে প্রকৃতপক্ষে অতিবাহিত সময় ঃ
তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধান অনুযায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে সাধারণ ছুটির দিন গণনা করা হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এ যাহা কিছুই থাকুক না কেন, যে ক্ষেত্রে বদলীর ফলে বদলীকৃত কর্মচারীকে তাহার নূতন কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে বাসস্থান পরিবর্তন করিতে হয় না সেক্ষেত্রে নূতন কর্মস্থলে যোগদানের জন্য এক দিনের বেশী সময় দেওয়া হইবে না; এবং এই উপ-প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে সাধারণ ছুটির দিনকেও উক্ত যোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।

(৩) কোন বিশেষ ক্ষেত্রে, উপযুক্ত কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) ও (২) এর অধীন প্রাপ্য যোগদানের সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(৪) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্যত্র বদলী হইলে, অথবা চাকুরীস্থল পরিবর্তন করিতে হয় এমন কোন নূতন পদে নিয়োগপ্রাপ্ত হইলে, তাহার পুরাতন চাকুরীস্থল হইতে, অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন সেই স্থান হইতে, যাহা উক্ত কর্মচারীর জন্য অধিকতর সুবিধাজনক হয়, তাহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৫) কোন কর্মচারী এক চাকুরীস্থল হইতে অন্য চাকুরীস্থলে, বা এক পদ হইতে অন্য পদে যোগদানের অন্তর্বর্তীকালীন সময়ে মেডিক্যাল সার্টিফিকেট পেশ না করিয়া ছুটি গ্রহণ করিলে, তাহার দায়িত্বভার হস্তান্তর করিবার পর হইতে ছুটি গ্রহণ পর্যন্ত যে সময় অতিবাহিত হয় তাহাও ছুটির অন্তর্ভুক্ত হইবে।

(৬) এক কর্মস্থল হইতে অন্য কর্মস্থলে বদলীর ব্যাপারে কোন বিশেষ ক্ষেত্রে এই প্রবিধানের বিধানাবলী অপর্যাপ্ত প্রতীয়মান হইলে সেই ক্ষেত্রে সরকারী কর্মচারীদের বেলায় প্রযোজ্য বিধি বা আদেশ প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।

৯। **বেতন ও ভাতা**।– সরকার বিভিন্ন সময়ে যেরূপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেরূপ হইবে।

১০। **প্রারম্ভিক বেতন**।– (১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরই হইবে তাহার প্রারম্ভিক বেতন।

(২) কোন ব্যক্তিকে তাহার বিশেষ মেধার স্বীকৃতিস্বরূপ, সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে, উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় যে নির্দেশাবলী জারী করে তদনুসারে কর্পোরেশনের কর্মচারীদের বেতন সংরক্ষণ করা যাইতে পারে।

১১। **পদোন্নতির ক্ষেত্রে বেতন**।– কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হইলে, সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে, তবে উক্ত সর্বনিম্ন স্তর অপেক্ষা তাহার পুরাতন পদে প্রাপ্ত মূল বেতন উচ্চতর হইলে, উচ্চতর পদের জন্য নির্ধারিত বেতনক্রমের যে স্তরটি তাহার পুরাতন পদের মূল বেতনের অব্যবহিত উপরের স্তর হয় সেই স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

১২। **বেতন বর্ধন**।– (১) বেতন বর্ধন স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত হারে প্রত্যেক কর্মচারীর বেতন বর্ধিত হইবে।

(২) বেতন বর্ধন স্থগিত রাখা হইলে, উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয় স্থগিতকারী কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট আদেশে, সেই মেয়াদ উল্লেখ করিবেন।

(৩) কোন শিক্ষানবিস সাফল্যজনকভাবে শিক্ষানবিসিকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে তিনি বেতন বর্ধন মঞ্জুর করিতে পারিবে।

(৪) যেক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতা-সীমা নির্ধারিত রহিয়াছে, সেক্ষেত্রে কোন কর্মচারীর বেতন বর্ধন স্থগিত করিবার জন্য ক্ষমতাসম্পন্ন উপযুক্ত কর্তৃপক্ষের সুনির্দিষ্ট মঞ্জুরী ব্যতীত তাহার দক্ষতাসীমার অব্যবহিত উপরের বেতন বর্ধন অনুমোদন করা যাইবে না; এইরূপ মঞ্জুরীর ক্ষেত্রে এই মর্মে প্রতিবেদনকারী কর্মকর্তার সুপারিশ থাকিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মচারীর কাজকর্ম দক্ষতা-সীমা অতিক্রম করার জন্য উপযুক্ত ছিল।

১৩। **জ্যেষ্ঠতা**।– (১) এই প্রবিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন পদে কোন কর্মচারীর জ্যেষ্ঠতা সেই পদে তাহার যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগপ্রাপ্ত হইলে, নিয়োগকারী কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মেধা-তালিকা ভিত্তিক সুপারিশ অনুসারে উক্ত কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করিবে।

(৩) একই বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত ব্যক্তিগণ জ্যেষ্ঠ হইবেন।

(৪) একাধিক ব্যক্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হইলে, যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেই পদে তাহার পারস্পরিক জ্যেষ্ঠতার ভিত্তিতে উচ্চতর পদে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতা স্থির করা হইবে।

(৫) কর্পোরেশন ইহার কর্মচারীদের গ্রেড-ওয়ারী জ্যেষ্ঠতা তালিকা রক্ষণাবেক্ষণ করিবে এবং সময় সময় তাহাদের অবগতির জন্য এইরূপ তালিকা প্রকাশ করিবে।

(৬) **The Government Servants (Seniority of Freedom Fighters) Rules- 1979** এর বিধানসমূহ, উহাতে প্রয়োজনীয় অভিযোজনসহ, কর্পোরেশনের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৪। **পদোন্নতি**।– (১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবল মাত্র জ্যেষ্ঠতার কারণে কোন ব্যক্তি অধিকার হিসাবে তাহার পদোন্নতি দাবী করিতে পারিবেন না।

(৩) কোন কর্মচারীর চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হইলে, তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগলাভের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৪) টাকা ৩৭০০–৪৮২৫ ও তদূর্ধ বেতনক্রমের পদসমূহে পদোন্নতি মেধা-তথা-জ্যেষ্ঠতার ভিত্তিতে হইবে।

(৫) কোন কর্মচারীকে, ব্যতিক্রমী ক্ষেত্র হিসাবে, তাহার অসাধারণ কৃতিত্ব, কর্তব্যনিষ্ঠা এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষা উত্তীর্ণ হওয়ার কারণে পালা অতিক্রম করতঃ পদোন্নতি দেওয়া যাইতে পারে।

১৫। **প্রেষণ ও পূর্বস্বত্ব**।– (১) উপ-প্রবিধান (২) এর বিধান সাপেক্ষে, কর্পোরেশন যদি মনে করে যে, উহার কোন কর্মচারীর পারদর্শিতা বা তৎকর্তৃক গৃহীত বিশেষ প্রশিক্ষণ অন্য কোন সংস্থা, অতঃপর হাওলাত গ্রহণকারী সংস্থা বলিয়া উল্লেখিত, এর জন্য প্রয়োজনীয়, তাহা হইলে কর্পোরেশন এবং হাওলাত গ্রহণকারী সংস্থার পরস্পরের মধ্যে সম্মত মেয়াদে ও শর্তাধীনে উক্ত সংস্থার কোন পদে প্রেষণে কর্মরত থাকিবার জন্য উক্ত কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারে ঃ

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারীকে তাহার সম্মতি ব্যতিরেকে প্রেষণে কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া হইবে না।

(২) হাওলাত গ্রহণকারী সংস্থা কর্পোরেশনের কোন কর্মচারীর চাকুরীর আবশ্যকতা রহিয়াছে বলিয়া কর্পোরেশনকে অবহিত করিলে কর্পোরেশন উক্ত কর্মচারীর সম্মতি লইয়া হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উল্লেখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেষণের শর্তাবলী নির্ধারণ করিবে।

(৩) উপ-প্রবিধান (২) তে যাহা কিছুই থাকুক না কেন, প্রেষণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথা ঃ-

(ক) প্রেষণের সময়কাল, ব্যতিক্রমী ক্ষেত্র ছাড়া, তিন বৎসরের অধিক হইবে না;

(খ) কর্পোরেশনের চাকুরীতে উক্ত কর্মচারীর পূর্বস্বত্ব থাকিবে এবং প্রেষণের মেয়াদঅন্তে, অথবা উক্ত মেয়াদের পূর্বে ইহার অবসান ঘটিলে, তিনি কর্পোরেশনে প্রত্যাবর্তন করিবেন;

(গ) হাওলাত গ্রহণকারী সংস্থা তাহার ভবিষ্যত তহবিল ও পেনশন, যদি থাকে, বাবদ প্রাপ্য অর্থ পরিশোধের নিশ্চয়তা বিধান করিবে।

(৪) কোন কর্মচারী প্রেষণে থাকাকালে, তিনি কর্পোরেশনে পদোন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে, তাহার পদোন্নতির বিষয়টি অন্যান্যদের সঙ্গে একত্রে বিবেচনা করা হইবে এবং পদোন্নতি কার্যকর করিবার জন্য তাহাকে কর্পোরেশনে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মকর্তা প্রেষণে থাকাকালে তাহার পদোন্নতি কার্যকর করার উদ্দেশ্যে কর্পোরেশন তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি যথা সময়ে ফেরত না আসেন, তাহা হইলে, উপ-প্রবিধান (৬) এর বিধান সাপেক্ষে, পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা উক্ত পদে তাহার প্রকৃত যোগদানের তারিখ হইতে গণনা করা হইবে।

(৬) যদি কোন কর্মচারীকে হাওলাত গ্রহণকারী সংস্থার স্বার্থে প্রেষণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে প্রেষণে থাকাকালে উক্ত কর্মচারীকে পদোন্নতি দেওয়া যাইতে পারে, এবং এইরূপ ক্ষেত্রে কোন আর্থিক সুবিধা ছাড়াই Next below Rule অনুযায়ী পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্যেষ্ঠতা রক্ষা করা হইবে, তবে এইরূপ পদোন্নতি প্রাপ্ত কর্মচারী হাওলাত গ্রহণকারী সংস্থায় প্রেষণে থাকাকালে পদোন্নতিজনিত কোন আর্থিক সুবিধা পাইবেন কিনা তাহা কর্পোরেশন ও উক্ত সংস্থার পরস্পরের সম্মতিক্রমে স্থিরীকৃত হইবে।

(৭) শৃংখলামূলক ব্যবস্থার ব্যাপারে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেষণে কর্মরত কর্মচারীর বিরুদ্ধে শৃংখলামূলক কার্যক্রম সূচনা করার উদ্দেশ্যে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শৃংখলামূলক কার্যক্রম সূচনা করা হইয়াছে, তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা কর্পোরেশনকে অবিলম্বে অবহিত করিবে।

(৮) প্রেষণে কর্মরত কোন কর্মচারীর বিরুদ্ধে সূচিত শৃংখলামূলক কার্যধারায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ অভিমত পোষণ করে যে, তাহার উপর কোন দণ্ড আরোপ করা আবশ্যক, তাহা হইলে উক্ত সংস্থা উহার রেকর্ডসমূহ কর্পোরেশনের নিকট প্রেরণ করিবে এবং অতঃপর কর্পোরেশন যেইরূপ প্রয়োজন বলিয়া মনে করে সেইরূপ আদেশ প্রদান করিবে।

নুসরাত জাহান
উপ-কর্মচারী প্রধান (প্রশাসন)
বি, সি, আই, সি, ঢাকা।

## তফসিল

[প্রবিধান-২ (ছ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য বয়স সীমা | পদোন্নতি ও সরাসরি নিয়োগের পদ্ধতি | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা | পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | সচিব/উর্দ্ধতন মহা-ব্যবস্থাপক/ব্যবস্থাপনা পরিচালক (পদটি ষ্টাটুটরী নহে)/ নির্বাহী পরিচালক/(পদটি ষ্টাটুটরীনহে)/ হিসাব নিয়ন্ত্রক/কর্মচারী প্রধান/প্রধান নিরীক্ষক/কর্পোরেট সচিব। | | ক্রমিক নং ২ (ক) (খ) (গ) (ঘ) এর পদসমূহ হইতে পদোন্নতির মাধ্যমে শূন্য পদ পূরণ করা হইবে। | | মহা-ব্যবস্থাপক/যুগ্ম সচিব (মান-১)/প্রধান প্রশাসনিক ব্যবস্থাপক/প্রধান ব্যবস্থাপক (প্রশাসন)/প্রধান ব্যবস্থাপক (ট্রেনিং)/চীফ এমপ্লইজ রিলেসনস ম্যানেজার/প্রধান প্রকৌশলী/প্রধান রসায়নবিদ/প্রধান উৎপাদন ব্যবস্থাপক/ফ্যাক্টরী ম্যানেজার/প্রধান টেকনিক্যাল ব্যবস্থাপক/প্রধান অর্থ কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষক/প্রধান ব্যবস্থাপক (ক্রয়/বিক্রয়/বিপণন) পদে কমপক্ষে (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |



| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের জন্য বয়স সীমা | পদোন্নতি ও সরাসরি নিয়োগের পদ্ধতি | সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা | পদোন্নতির ক্ষেত্রে যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ২। (ক) | **প্রশাসনিক ক্যাডার ঃ** | | | | |
| | মহা-ব্যবস্থাপক/যুগ্ম-সচিব (মান-১)/প্রধান প্রশাসনিক ব্যবস্থাপক/প্রধান ব্যবস্থাপক (প্রশাসনিক)/প্রধান ব্যবস্থাপক (ট্রেনিং)/চীফ এমপ্লইজ রিলেশনস ম্যানেজার। | ৪৫ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৫০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং ৩ (ক) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | স্ব স্ব ক্ষেত্রে ১৫ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ২০ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | উপ-মহাব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান প্রশাসনিক ব্যবস্থাপক/উপ-কর্মচারী প্রধান (মান-১)/যুগ্ম-সচিব (মান-২)/অতিরিক্ত প্রধান (তদন্ত/ট্রেনিং সমন্বয়) পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (খ) | **কারিগরী ক্যাডার ঃ** | | | | |
| | প্রধান প্রকৌশলী/প্রধান রসায়নবিদ/প্রধান উৎপাদন ব্যবস্থাপক/ফ্যাক্টরী ম্যানেজার/প্রধান টেকনিক্যাল ব্যবস্থাপক/প্রধান ব্যবস্থাপক (এফআরএম)/চীফ মেডিক্যাল অফিসার/প্রধান ব্যবস্থাপক (বন) | ৪৫ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৫০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং ৩ (খ) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) প্রধান প্রকৌশলীদের জন্য ১৫ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ইঞ্জিনিয়ারিং অথবা ২০ বৎসরের অভিজ্ঞতা সমেত ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং।<br>(আ) প্রধান উৎপাদন ব্যবস্থাপক ও প্রধান রসায়ন বিদদের জন্য ১৫ বৎসরের অভিজ্ঞতা সমেত রসায়নে স্নাতকোত্তর অথবা ২০ বৎসরের অভিজ্ঞতা সমেত বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান রসায়নবিদ/অতিরিক্ত প্রধান উৎপাদন ব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান (কারিগরী/বন/পরিকল্পনা) অতিরিক্ত প্রধান চিকিৎসা কর্মকর্তা পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | | | (ই) প্রধান চিকিৎসকের জন্য ১৫ বৎসরের অভিজ্ঞতা সমেত এম বি বি এস অথবা ২০ বৎসরের অভিজ্ঞতা সমেত এল, এম, এফ। <br><br> (ঈ) প্রধান ব্যবস্থাপক (বন) এর জন্য ১৫ বৎসরের অভিজ্ঞতা সমেত বন বিদ্যায় স্নাতকোত্তর অথবা ২০ বৎসরের অভিজ্ঞতা সমেত বন বিদ্যায় স্নাতক ডিগ্রী। <br><br> (উ) ফ্যাক্টরী ম্যানেজার, প্রধান টেকনিক্যাল ব্যবস্থাপক ও প্রধান ব্যবস্থাপক (এফ আর এম) এর জন্য ১৫ বৎসরের অভিজ্ঞতা সমেত ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/বিজ্ঞান স্নাতকোত্তর অথবা ২০ বৎসরের অভিজ্ঞতা সমেত বিজ্ঞান স্নাতক ডিগ্রী/ ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা। | |





| | | | | | |
|---|---|---|---|---|---|
| (গ) | **বাণিজিক ক্যাডার ঃ** <br> মহা-ব্যবস্থাপক/প্রধান মার্কেটিং ব্যবস্থাপক/প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপক/প্রধান ক্রয় ব্যবস্থাপক/প্রধান ব্যবস্থাপক (রপ্তানী)/প্রধান ব্যবস্থাপক (এম পি এণ্ড আইসি)। | ৪৫ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৫০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৩ (গ) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | স্ব স্ব ক্ষেত্রে ১৫ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ২০ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | উপ-মহাব্যবস্থাপক/ অতিরিক্ত প্রধান বাণিজিক কর্মকর্তা/অতিরিক্ত প্রধান ব্যবস্থাপক (বিপণন/রপ্তানী/ বিক্রয়/ক্রয়/পাবলিসিটি/ এম পি এণ্ড আই সি) পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (ঘ) | **অর্থ বিষয়ক ক্যাডার ঃ** <br> প্রধান অর্থ কর্মকর্তা/ প্রধান হিসাব রক্ষক। | ৪৫ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৫০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৩ (ঘ) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | সি,এ/আই, সি, এম-উভয় ক্ষেত্রে মান অর্জনের পরে ৬ (ছয়) বৎসরের অভিজ্ঞতা। | অতিরিক্ত প্রধান অর্থ কর্মকর্তা/ অতিরিক্ত প্রধান হিসাব রক্ষক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৩ (ক) | **প্রশাসনিক ক্যাডার ঃ** <br> উপ-মহাব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান ব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান প্রশাসনিক ব্যবস্থাপক/ অতিরিক্ত প্রধান ব্যবস্থাপক (সমন্বয়)/উপ-কর্মচারী প্রধান মান-১/যুগ্ম-সচিব (মান-২)/ অতিরিক্ত প্রধান (তদন্ত/ট্রেনিং/ পিআর) | ৪০ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৪ (ক) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | স্ব স্ব ক্ষেত্রে ১২ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ১৭ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | উপ-সচিব/উপ-কর্মচারী প্রধান /ব্যবস্থাপক (প্রশাসন/ পার্সোনেল/সমন্বয়/শ্রমকল্যাণ/ ট্রেনিং/প্রটোকল/নিরাপত্তা/ গণসংযোগ) পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| (খ) | **কারিগরী ক্যাডার ঃ** | | | | |
| | অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান রসায়নবিদ/ অতিরিক্ত প্রধান টেকনিক্যাল ব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান উৎপাদন ব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান ব্যবস্থাপক (পরিকল্পনা)/ অতিরিক্ত প্রধান ব্যবস্থাক (এফ আর এম)/অতিরক্ত প্রধান চিকিৎসা কর্মকর্তা/ অতিরিক্ত প্রধান ব্যবস্থাপক (বন)/অতিরিক্ত প্রধান অর্থনীতিবিদ। | ৪০ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৪ (খ) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) অতিরিক্ত প্রধান প্র-কৌশলীদের জন্য ১২ বৎ-সরের অভিজ্ঞতা সমেত বি এস সি ইঞ্জিনিয়ারিং অথবা ১৭ বৎসরের অভিজ্ঞতা সমেত ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং।<br>(আ) অতিরিক্ত প্রদান রসায়নবিদ ও অতিরিক্ত প্রধান উৎপাদন ব্যবস্থাপক-দের জন্য ১২ বৎসরের অভিজ্ঞতা সমেত রসায়নে স্নাতকোত্তর অথবা ১৭ বৎসরের অভিজ্ঞতা সমেত বিজ্ঞানে স্নাতক ডিগ্রী।<br>(ই) অতিরিক্ত প্রধান চিকিৎ-সকের জন্য ১২ বৎসরের অভিজ্ঞতা সমেত এম,বি, বি,এস,ডিগ্রী অথবা ১৭ বৎসরের অভিজ্ঞতা সমেত এল এম এফ।<br>(ঈ) অতিরিক্ত প্রধান ব্যবস্থা-পক (বন) এর জন্য, ১২ বৎসরের অভিজ্ঞতা সমেত বন বিদ্যায় স্নাতকোত্তর অথবা ১৭ বৎসরের অভিজ্ঞতা সমেত বন বিদ্যায় স্নাতক ডিগ্রী।<br>(উ) অন্যান্য পদের বেলায় স্ব স্ব ক্ষেত্রে ১২ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ১৭ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | উপ-প্রধান প্রকৌশলী/উপ-প্রধান রসায়নবিদ/উৎপাদন ব্যবস্থাপক/ব্যবস্থাপক/ ব্যবস্থাপক (টেকনিক্যাল)/ ব্যবস্থাপক (পরিকল্পনা)/ উপ-প্রধান চিকিৎসক/ ব্যবস্থাপক (বন)/উপ-প্রধান অর্থনীতিবিদ পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |





| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| (গ) | **বাণিজ্যিক ক্যাডার ঃ** | | | | |
| | উপ-মহাব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান বাণিজ্যিক ব্যবস্থাপক/ অতিরিক্ত প্রধান বিপনন ব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান ব্যবস্থাপক (রপ্তানী)/অতিরিক্ত প্রধান ব্যবস্থাপক (বিক্রয়)/ অতিরিক্ত প্রধান ব্যবস্থাপক (ক্রয়)/অতিরিক্ত প্রধান ব্যবস্থাপক (পাবলিসিটি)/ অতিরিক্ত প্রধান ব্যবস্থাপক (এম পি এণ্ড আই সি) | ৪০ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৪ (গ) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | স্ব স্ব ক্ষেত্রে ১২ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ১৭ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | ব্যবস্থাপক (বাণিজ্যিক/ বিপণন/বিতরণ/ক্রয়/বিক্রয়/ রপ্তানী/পাবলিসিটি/ভাণ্ডার/ প্রকিউরমেন্ট/শিপিং)পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| (ঘ) | **অর্থ বিষয়ক ক্যাডার ঃ** | | | | |
| | অতিরিক্ত প্রধান হিসাব রক্ষক/অতিরিক্ত প্রধান অর্থ-কর্মকর্তা/অতিরিক্ত প্রধান নিরিক্ষক/অতিরিক্ত প্রধান বীমা কর্মকর্তা/অতিরিক্ত প্রদান (ডাটা প্রসেসিং)। | ৪০ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৪ (ঘ) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) অতিরিক্ত প্রধান হিসাব রক্ষক/অতিরিক্ত প্রধান নিরীক্ষক এর জন্য সি,এ/আই সি এম,এ উভয় ক্ষেত্রে মান অর্জনের পরে ৩ বৎসরের অভিজ্ঞতা।<br>(আ) অতিরিক্ত প্রধান অর্থ কর্মকর্তা/অতিরিক্ত প্রধান বীমা কর্মকর্তার জন্য ১২ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ১৭ বৎসরের স্নাতক ডিগ্রী।<br>(ই) অতিরিক্ত প্রধান (ডাটা প্রসেসিং) এর জন্য কম্পিউটার বিজ্ঞানে ১২ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ১৭ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | উপ-প্রধান হিসাব রক্ষক/উপ-প্রধান অর্থ কর্মকর্তা/উপ-প্রধান নিরীক্ষক/ব্যবস্থাপক (বীমা)/ব্যবস্থাপক (সিষ্টেম) পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |





| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ৪ (ক) | **প্রশাসনিক ক্যাডার ঃ**<br>উপ-সচিব/উপ-কর্মচারী প্রধান ব্যবস্থাপক (প্রশাসন/পার্সোনেল/সমন্বয়/শ্রম কল্যাণ/ট্রেনিং/প্রটোকল/নিরাপত্তা/সি এণ্ড এলএ/গণ সংযোগ)/অধ্যক্ষ (উচ্চ মাধ্যমিক স্কুল)। | ৩৭ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৪২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৫(ক) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) অধ্যক্ষের জন্য শিক্ষকতায় এবং শিক্ষা প্রশাসনে ১০ বৎসরের অভিজ্ঞতা সমেত দ্বিতীয় শ্রেণীর সম্মান সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী (প্রশিক্ষণ-প্রাপ্তক শিক্ষকদের অগ্রাধিকার দেওয়া হইবে)।<br>(আ) অন্যান্য পদের বেলায় স্ব স্ব ক্ষেত্রে ৮ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ১৩ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | উর্ধতন প্রশাসনিক কর্মকর্তা/উর্ধতন সমন্বয় কর্মকর্তা/উর্ধতন শ্রম কল্যাণ কর্মকর্তা/সহকারী কর্মচারী প্রধান/উর্ধতন নিরাপত্তা কর্মকর্তা/উপ-ব্যবস্থাপক/অধ্যক্ষ (মাধ্যমিক স্কুলের জন্য) পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (খ) | **কারিগরী ক্যাডার ঃ**<br>উপ-প্রধান প্রকৌশলী/উপ-প্রধান রসায়নবিদ/উৎপাদন ব্যবস্থাপক/উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা/ব্যবস্থাপক (কেমিক্যাল/উন্নয়ন/এফআর এম/বন)/উপ-প্রধান অর্থনীতিবিদ। | ৩৭ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৪২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৫ (খ) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) উপ প্রদান প্রকৌশলীদের জন্য ৮ বৎসরের অভিজ্ঞতা সমেত বি এস সি ইঞ্জিনিয়ারিং অথবা ১৩ বৎসরের অভিজ্ঞতা সমেত ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। | [*] নির্বাহী প্রকৌশলী/রসায়নবিদ/উপ-ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক/উর্ধতন কারিগরী কর্মকর্তা/চিকিৎসক/মডেলার/সিনিঃ পেপার মেকার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

[*] রবিবার, ফেব্রুয়ারী ৯, ২০০৩ তারিখে প্রকাশিত এস, আর, ও নং ৩৫৩ আইন/২০০২ তারিখ ২১ ডিসেম্বর ২০০২ইং গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে সংশোধিত।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | | | (আ) উৎপাদন ব্যবস্থাপক/উপ-প্রধান রসায়নবিদদের জন্য ৮ বৎসরের অভিজ্ঞতা সমেত রসায়নে স্নাতকোত্তর অথবা ১৩ বৎসরের অভিজ্ঞতা সমেত বি এস সি ডিগ্রী।<br><br>(ই) উপ-প্রধান ব্যবস্থাপক (বন) এর জন্য ৮ বৎসরের অভিজ্ঞতা সমেত বন বিদ্যায় স্নাতকোত্তর অথবা ১৩ বৎসরের অভিজ্ঞতা সমেত বন বিদ্যায় স্নাতক ডিগ্রী।<br><br>(ঈ) উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তার জন্য ৮ বৎসরের অভিজ্ঞতা সমেত এম বি বি এস অথবা ১৩ বৎসরের অভিজ্ঞতা সমেত এল এম এফ ডিগ্রী।<br><br>(উ) অন্যান্য পদের বেলায় স্ব স্ব ক্ষেত্রে ৮ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ১৩ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | |



| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| (গ) | **বাণিজ্যিক ক্যাডার ঃ**<br>ব্যবস্থাপক (বাণিজ্যিক/বিপণন/ক্রয়/বিক্রয়/রপ্তানী/পাবলিসিটি/ভাণ্ডার/প্রকিউরমেন্ট/শিপিং)। | ৩৭ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৪২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৫ (গ) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | স্ব স্ব ক্ষেত্রে ৮ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ১৩ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | উপ-ব্যবস্থাপক (বাণিজ্যিক বিপণন/ক্রয়/বিক্রয়/ভাণ্ডার/এম পি আই সি/ বিতরণ)/সিনিঃ শিপিং অফিসার/উপ-ব্যবস্থাপক (রপ্তানী) পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (ঘ) | **অর্থ বিষয়ক ক্যাডার ঃ**<br>উপ-প্রধান হিসাব রক্ষক/উপ-প্রধান অর্থ কর্মকর্তা/উপ-প্রধান নিরীক্ষক/ব্যবস্থাপক (বীমা)/ব্যবস্থাপক (সিষ্টেম)। | ৩৭ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৪২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৫ (ঘ) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) উপ-প্রধান হিসাব রক্ষক/উপ-প্রধান নিরীক্ষক এর ক্ষেত্রে সি,এ/আইসিএমএ।<br>(আ) উপ-প্রধন বীমা কর্মকর্তা/উপ-প্রধান অর্থ কর্মকর্তার ক্ষেত্রে ৮ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ১৩ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী।<br><br>(ই) ব্যবস্থাপক (সিষ্টেম) এর ক্ষেত্রে কম্পিউটারে ট্রেনিং সমেত ৫ বৎসরের অভিজ্ঞতা সহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। | সহকারী প্রধান হিসাব রক্ষক/সহকারী প্রধান অর্থ কর্মকর্তা/সহকারী প্রধান নিরীক্ষক কর্মকর্তা/প্রোগ্রামার/ উর্ধতন পরিসংখ্যান পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ৫। (ক) | **প্রশাসনিক ক্যাডার ঃ** উর্ধতন প্রশাসনিক কর্মকর্তা/উর্দ্ধতন সমন্বয় কর্মকর্তা/উর্ধতন শ্রম কল্যাণ কর্মকর্তা/প্রটোকল অফিসার (মান-১)/সহকারী প্রধান কর্মচারী কর্মকর্তা/উর্ধতন গ্রন্থাগারিক/উর্ধতন নিরাপত্তা কর্মকর্তা/উপ-ব্যবস্থাপক (প্রটোকল/প্রশাসন গণ সংযোগ/নিরাপত্তা)/উর্ধতন সাংস্কৃতিক কর্মকর্তা/সহকারী সচিব (মান-১)/মধ্যমিক স্কুলের অধ্যক্ষ। | ৩২ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৮ (ক) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) অধ্যক্ষের জন্য শিক্ষকতায় ও শিক্ষা প্রশাসনে ১০ বৎসরের অভিজ্ঞতা সমেত দ্বিতীয় শেণীর স্নাতকোত্তর ডিগ্রী (প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষকদের অগ্রাধিকার দেওয়া হইবে)।<br>(আ) অন্যান্য পদের বেলায় স্ব স্ব ক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ১০ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | প্রশাসনিক কর্মকর্তা/সমন্বয় কর্মকর্তা/শ্রম কল্যাণ কর্মকর্তা/প্রটোকল অফিসার/কর্মচারী কর্মকর্তা/গণসংযোগ কর্মকর্তা/~~সহকারী সচিব/প্রধান শিক্ষক/~~ সহকারী অধ্যাপক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (খ) | **কারিগরী ক্যাডার ঃ** [✱] নির্বাহী প্রকৌশলী/রসায়নবিদ / উপ- ব্যবস্থাপক (রিডস/বারকার/এফআরএম/পেপার মিলস/বন/কারিগরী/রিকভারী/ফিনিসিং/লগিং)/তত্ত্বাবধায়ক/মডেলার/সিনিয়র পেপার মেকার/সহকারী অধিক্ষক (ফিনিসিং)/সহকারী অধিক্ষক (কারিগরী)/উর্ধতন কারিগরী কর্মকর্তা/চিকিৎসক। | ৩২ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৮ (খ) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) [✱] নির্বাহী প্রকৌশলীদের জন্য ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা ১০ বৎসরের অভিজ্ঞতা সমেত ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং।<br>(আ) রসায়নবিদদের জন্য ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত রসায়নে স্নাতকোত্তর অথবা ১০ বৎসরের অভিজ্ঞতা সমেত বিএসসি ডিগ্রী।<br>(ই) চিকিৎসকদের জন্য ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত এমবিবিএস অথবা ১০ বৎসরের অভিজ্ঞতা সমেত এল এম এফ।<br>(ঈ) বন কর্মকর্তার জন্য ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত বন বিদ্যায় সাতকোত্তর অথবা ১০ বৎসরের অভিজ্ঞতা সমেত বনবিদ্যায় স্নাতক ডিগ্রী।<br>(উ) উর্ধতন কারিগরী কর্মকর্তার জন্য ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত পদার্থ বিদ্যায় স্নাতকোত্তর ডিগ্রী অথবা ১০ বৎসরের অভিজ্ঞতা সমেত পদার্থ বিদ্যায় স্নাতক ডিগ্রী।<br>(ঊ) অন্যান্য পদের বেলায় স্ব স্ব ক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর ডিগ্রী অথবা ১০ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী।<br>(ঋ) মডেলার এর জন্য ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত চারুকলা বিদ্যায় স্নাতক ডিগ্রী। | সহকারী প্রকৌশলী/সহকারী রসায়নবিদ/সহকারী ব্যবস্থা-পক/সহকারী তত্ত্বাবধায়ক/সহকারী মডেলার/পেপার মেকার/সহকারী কারিগরী কর্মকর্তা/সহকারী চিকিৎসক পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

[✱] রবিবার, ফেব্রুয়ারী ৯, ২০০৩ তারিখে প্রকাশিত এস, আর, ও নং ৩৫৬ আইন/২০০২ তারিখ ২১ ডিসেম্বর ২০০২ইং গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে সংশোধিত।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| (গ) | **বাণিজ্যিক ক্যাডার ঃ** | | | | |
| | উপ-ব্যবস্থাপক (বাণিজ্যিক/বিপণন/ক্রয়/বিক্রয়/ভাণ্ডার/এমপিআইসি/বিতরণ)/সিনিয়র শিপিং অফিসার/উর্ধতন কর্মকর্তা (বিক্রয়/বিপণন/রপ্তানী)। | ৩২ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৮ (গ) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | স্ব স্ব ক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ১০ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | সহকারী ব্যবস্থাপক (বাণিজ্যিক/বিপণন/ক্রয়/বিক্রয়/ভাণ্ডার/এমপিআইসি/বিতরণ)/ শিপিং অফিসার/সহকারী ব্যবস্থাপক (রপ্তানী) পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (ঘ) | **অর্থ বিষয়ক ক্যাডার ঃ** | | | | |
| | সহকারী প্রধান হিসাব রক্ষক/সহকারী প্রধান অর্থ কর্মকর্তা/সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তা/প্রোগ্রামার/উর্ধতন পরিসংখ্যানবিদ | ৩২ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৮ (ঘ) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) সহকারী প্রধান হিসাব রক্ষক/সহকারী প্রধান নিরীক্ষা কর্মকর্তার জন্য সি এ (ইন্টার)/আইসিএমএ (ইন্টার)/উভয় ক্ষেত্রে মান অর্জনের পর ৩ বৎসরের অভিজ্ঞতা।<br>(আ) অন্যান্য পদের বেলায় স্ব স্ব ক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতকোত্তর অথবা ১০ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | হিসাব কর্মকর্তা/অর্থ কর্মকর্তা/নিরীক্ষা কর্মকর্তা/জুনিয়র প্রোগ্রামার/পরিসংখ্যানবিদ পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |



| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬। | **প্রশাসনিক ক্যাডার ঃ** | | | | |
| | মাধ্যমিক স্কুলের প্রধান শিক্ষক/উচ্চ মাধ্যমিক স্কুলের জন্য সহকারী অধ্যাপক। | ৩২ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের ক্ষেত্রে ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। | ক্রমিক নং-৮ (ক) এর পদ সমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) প্রধান শিক্ষক এর জন্য শিক্ষকতায় ও শিক্ষা প্রশাসনে ১০ বৎসরের অভিজ্ঞতা সমেত প্রশিক্ষণ প্রাপ্ত ২য় শ্রেণীর স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী।<br>(আ) সহকারী অধ্যাপক এর জন্য শিক্ষকতায় ৭ বৎসরের অভিজ্ঞতা সমেত ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। | সহকারী প্রধান শিক্ষক/প্রাশসন পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৭। | **কারিগরী ক্যাডার ঃ** | | | | |
| | সহকারী চিকিৎসক ঃ | ২৭ বৎসর | সরাসরি নিয়োগ | এম বি বি এস অথবা ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত এল এম এফ। | সরাসরি নিয়োগ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ৮। (ক) | **প্রশাসনিক ক্যাডার ঃ** প্রশাসনিক কর্মকর্তা/সহকারী ব্যবস্থাপক/সহকারী সচিব/ নিরাপত্তা কর্মকর্তা/কর্মচারী কর্মকর্তা/শ্রম কল্যাণ কর্মকর্তা/ প্রভাষক/সমন্বয় কর্মকর্তা/প্রটোকল অফিসার/কলোনী অফিসার/ পরিবহন কর্মকর্তা/সহকারী প্রধান শিক্ষক/গণসংযোগ অফিসার/ এসাইনমেন্ট অফিসার/ উপাধ্যক্ষ/ট্রাফিক অফিসার/ব্রাঞ্চ অফিসার/উচ্চ মাধ্যমিক স্কুলের জন্য প্রভাষক/ফায়ার কাম সেফটি অফিসার/এসিসটেন্ট কোর্স কো-অর্ডিনেটর/ইষ্টেট অফিসার। | অ,আ,ই, ক্রমিকে বর্ণিত পদের জন্য ৩২ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের ক্ষেত্রে ৩৭ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য)। ঈ ক্রমিকে বর্ণিত পদের জন্য ২৭ বৎসর। | ক্রমিক নং-৯ (ক) এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) সহকারী প্রধান শিক্ষকের জন্য শিক্ষকতায় প্রশিক্ষণসহ ৭ বৎসরের অভিজ্ঞতা সমেত ২য় শ্রেণীর স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী।<br>(আ) উপাধ্যক্ষ/প্রভাষক এর জন্য ২য় শ্রেণীর সম্মান সমেত ২য় শ্রেণী স্নাতকোত্তর ডিগ্রী (উপাধ্যক্ষ এর ক্ষেত্রে শিক্ষকতায় প্রশিক্ষণ/শিক্ষা প্রশাসনের ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে)।<br>(ই) নিরাপত্তা কর্মকর্তা/ প্রটোকল অফিসার/কলোনী অফিসার/পরিবহন অফিসার গণসংযোগ অফিসার/ফায়ার কাম সেফটি অফিসার/ এসাইনমেন্ট অফিসার/ এসিসটেন্ট কোর্স কো-অর্ডিনেটর/ইষ্টেট অফিসার/ট্রাফিক অফিসারদের জন্য স্ব স্ব ক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | সহকারী প্রশাসনিক কর্মকর্তা/ জুনিয়র অফিসার/সহকারী নিরাপত্তা অফিসার/সহকারী কর্মচারী কর্মকর্তা/সহকারী সমন্বয় কর্মকর্তা/সহকারী প্রটোকল অফিসার/সহকারী পরিবহণ কর্মকর্তা/ শিক্ষক (মান-১)/সহকারী গণসংযোগ কর্মকর্তা/সহকারী এসাইনমেন্ট অফিসার/ সহকারী ট্রাফিক অফিসার/ সহকারী ফায়ার কাম-সেফটি অফিসার/সহকারী ইষ্টেট অফিসার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |



| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | | | [illegible] স্ব স্ব ক্ষেত্রে প্রথম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা পূর্বতন পাবলিক পরীক্ষার যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ সমেত ২য় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা এম বি এ ডিগ্রী। | |
| (খ) | **কারিগরী ক্যাডার ঃ** সহকারী প্রকৌশলী/সহঃ ইনষ্ট্রুমেন্ট ইঞ্জিনিয়ার/মেটিরিয়াল প্লানিং অফিসার/অপারেশন অফিসার/ সিফট প্রোডাকশন অফিসার/ বন কর্মকর্তা/কারিগরী কর্মকর্তা/ সহঃ তত্ত্বাবধায়ক/সিনিয়র আর্টিষ্ট/ প্লানিং অফিসার/সহঃ মডেলার/ সিনিয়র মেট্রন/সহকারী রসায়নবিদ। | ২৭ বৎসর | ক্রমিক নং-৯ (খ) এর পদ সমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) সহঃ প্রকৌশলীদের জন্য বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং।<br>(আ) সহকারী রসায়নবিদদের জন্য ১ম শ্রেণীতে রসায়নে এমএসসি অথবা পাবলিক পরীক্ষার যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ সমেত ২য় শ্রেণীতে রসায়নে এম এস সি ডিগ্রী।<br>(ই) কারিগরী কর্মকর্তার জন্য ১ম শ্রেণীতে পদার্থ বিদ্যায় এম এস সি অথবা পাবলিক পরীক্ষার যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ সমেত ২য় শ্রেণীতে পদর্থ বিদ্যায় এম এস সি ডিগ্রী। | উপ সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী ইনষ্ট্রুমেন্ট ইঞ্জিনিয়ার/উপ-সহকারী মেটিরিয়াল প্লানিং অফিসার/ সহকারী উৎপাদন কর্মকর্তা/ সহকারী কারিগরী কর্মকর্তা/ সহকারী বন কর্মকর্তা/ উপ-সহকারী কারিগরী কর্মকর্তা/ উপ-সহকারী রসায়নবিদ/ উপ-সহকারী তত্ত্বাবধায়ক/ সহকারী পেপার মেকার/ উপ-সহকারী প্রযুক্তি কর্মকর্তা/ সহকারী প্লানিং কর্মকর্তা/উপ সহকারী মডেলার/ মেট্রন পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | | | (ঈ) বন কর্মকর্তার জন্য বন বিদ্যায় ১ম শ্রেণীর স্নাতকোত্তর অথবা পাবলিক পরীক্ষার যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ সমেত বন বিদ্যায় ২য় শ্রেণীর স্নাতকোত্তর। | |
| | | | | (উ) সহকারী মডেলার এর জন্য চারুকলা বিদ্যায় ১ম শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা পূর্বতন পাবলিক পরীক্ষার যে কোন ১টি পরীক্ষায় ১ম বিভাগ সমেত ২য় শ্রেণীর স্নাতক। | |
| | | | | (ঊ) সিনিয়র মেট্রন এর জন্য ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত নার্সিং এ ডিপ্লোমা। | |
| | | | | (ঋ) অন্যান্য পদের বেলায় স্ব স্ব ক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। | |



| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|---|
| (গ) | **বাণিজ্যিক ক্যাডার ঃ** | | | | | |
| | বাণিজ্যিক কর্মকর্তা/ভাণ্ডার কর্মকর্তা/ক্রয় কর্মকর্তা/বিপণন কর্মকর্তা/বিক্রয় কর্মকর্তা/শিপিং কর্মকর্তা/সি এণ্ড এফ কর্মকর্তা/ সহকারী ব্যবস্থাপক (বিক্রয়/ বিপণন/ক্রয়/শিপিং/প্রকিউরমেন্ট/ সি এণ্ড এফ)/ইনভেন্টরী অফিসার | ২৭ বৎসর | ক্রমিক নং-৯ (গ) এর পদ সমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | প্রথম শ্রেণীতে স্নাতকোত্তর অথবা পাবলিক পরীক্ষায় যে কোন ২টিতে প্রথম বিভাগ সমেত ২য় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা এম বি এ ডিগ্রী। | সহকারী বাণিজ্যিক কর্মকর্তা/ সহকারী ভাণ্ডার কর্মকর্তা/ সহকারী ক্রয় কর্মকর্তা/ সহকারী বিপণন কর্মকর্তা/ সহকারী বিক্রয় কর্মকর্তা/ সহকারী শিপিং কর্মকর্তা/ সহকারী সি এণ্ড এফ কর্মকর্তা/ সহকারী ইনভেন্টরী অফিসার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (ঘ) | **অর্থ বিষয়ক ক্যাডার ঃ** | | | | | |
| | হিসাব কর্মকর্তা/অর্থ কর্মকর্তা/ বীমা কর্মকর্তা/জুনিয়র প্রোগামার/ পরিসংখ্যানবিদ/ নিরীক্ষা কর্মকর্তা। | ২৭ বৎসর | ক্রমিক নং-৯ (ঘ) এর পদ সমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) জুনিয়র প্রোগ্রামার এর জন্য কম্পিউটারে ট্রেনিং সহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী। (আ) অন্যান্য পদের বেলায় প্রথম শ্রেণীতে বাণিজ্য/ পরিসংখ্যান/অর্থনীতিতে স্নাতকোত্তর অথবা পাবলিক পরীক্ষার যে কোন ২টি পরীক্ষায় ১ম বিভাগ সমেত ২য় শ্রেণীতে উক্ত বিষয়ে স্নাতক ডিগ্রী। | সহকারী হিসাব কর্মকর্তা/ সহকারী অর্থ কর্মকর্তা/ সহকারী বীমা কর্মকর্তা/ অপারেশন অফিসার/ সহকারী পরিসংখ্যানবিদ/ সহকারী নিরীক্ষা কর্মকর্তা পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ৯। (ক) | **প্রশাসনিক ক্যাডার ঃ**<br>সহকারী প্রশাসনিক কর্মকর্তা/ সহকারী কর্মচারী কর্মকর্তা/ সহকারী শ্রম কল্যাণ কর্মকর্তা/ সহকারী সমন্বয় কর্মকর্তা/সহকারী নিরাপত্তা কর্মকর্তা/সহকারী আইন কর্মকর্তা/সহকারী সেনেটারী কর্মকর্তা/সহকারী এষ্টেট অফিসার/ সহকারী ফায়ার কাম সেফটি অফিসার/সহকারী কলোনী অফিসার/জুনিয়র অফিসার। | ২৭ বৎসর | ক্রমিক নং-১০ ও ১১ এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | স্নাতকোত্তর অথবা স্ব স্ব ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | দপ্তর সহকারী/সিনিয়র কেয়ারটেকার/টেলিফোন অপারেটর (মান-১)/ধাঁট লিপিকার/নিরাপত্তা পরিদর্শক/ পি এ পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরে চাকুরীর অভিজ্ঞতা। |
| ৯। (খ) | **কারিগরী ক্যাডার ঃ**<br>উপ-সহকারী প্রকৌশলী/ উপ সহকারী রসায়নবিদ-কর্ম নায়ক/ ড্রাফটস ম্যান/উপ-সহঃ কারিগরী কর্মকর্তা/উপ-সহঃ তত্ত্বাবধায়ক/ সহঃ পেপার মেকার/সহঃ উৎপাদন কর্মকর্তা/উপ-সহঃ প্রযুক্তি কর্মকর্তা/ সিনিয়র রেডিও গ্রাফার/মেট্রন/ ওয়ার্ড মাষ্টার/প্যাথলজিষ্ট/উপ-সহঃ মডেলার/ক্যামেরাম্যান/ আর্টিষ্ট। | ২৭ বৎসর | সরাসরি নিয়োগ | (অ) উপ-সহঃ প্রকৌশলীর জন্য ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং।<br>(আ) উপ-সহঃ কারিগরী কর্মকর্তার জন্য ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং অথবা বি এস সি ডিগ্রী সমেত উভয় ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা। | সরাসরি নিয়োগ। |



বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জানুয়ারী ১৬, ১৯৮৬

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | | | (ই) উপ-সহঃ রসায়নবিদদের জন্য রসায়নে এম এস সি অথবা ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত বি এস সি ডিগ্রী।<br>(ঈ) অন্যান্য পদের বেলায় স্ব-স্ব ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | |
| (গ) | **বানিজ্যিক ক্যাডার ঃ**<br>সহকারী বাণিজ্যিক কর্মকর্তা/ সহকারী ক্রয় কর্মকর্তা/সহকারী বিক্রয় কর্মকর্তা/ সহকারী বিপণন কর্মকর্তা/ সহকারী ভাণ্ডার কর্মকর্তা/ সহকারী শিপিং কর্মকর্তা। | ২৭ বৎসর | ক্রমিক নং-১১ এর পদ সমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | স্নাতকোত্তর অথবা স্ব-স্ব ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী। | ষ্টোর কিপার/ক্রয় সহকারী/বিক্রয় সহকারী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| (ঘ) | **অর্থ বিষয়ক ক্যাডার ঃ**<br>সহঃ হিসাব কর্মকর্তা/সহঃ নিরীক্ষা কর্মকর্তা/ সহঃ অর্থ কর্মকর্তা/ সহঃ বীমা কর্মকর্তা। | ২৭ বৎসর | ক্রমিক নং-১১ এর পদ সমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | এম, কম অথবা ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত বি,কম/বি,এ ডিগ্রী। | হিসাব সহকারী/নিরীক্ষা সহকারী/ অর্থ সহকারী পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ১০। | পি এ | ২৭ বৎসর | ক্রমিক নং-১২ এর পদ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা যাইবে। | সাঁটলিপিকার ও মুদ্রাক্ষরিক হিসাবে ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত সাঁটলিপিতে ও মুদ্রাক্ষরিতে যথাক্রমে ইংরেজীতে প্রতি মিনিটে ১০০ ও ৩৫ শব্দের এবং বাংলায় ৭০ ও ৩০ শব্দের গতি সহ এইচ এস সি/ স্নাতক ডিগ্রী। | সাঁট মুদ্রাক্ষরিক পদে কম পক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১১। | দপ্তর সহকারী/সুপার ভাইজার/ অর্থ সহকারী/ নিরীক্ষা সহকারী/ হিসাব সহকারী/ষ্টোর কিপার/ সিনিয়র কেয়ার টেকার/টেলিফোন অপারেটরন (মান-১)/ড্রাফটস ম্যান/ সাঁট লিপিকার/নিরাপত্তা পরিদর্শক। | ২৭ বৎসর | ক্রমিক নং-১৩এর পদ সমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) ড্রাফটসম্যান এর জন্য ৪ বৎসরের অভিজ্ঞতা সমেত ড্রাফটসম্যান শীপ এ ডিপ্লোমা।<br><br>(আ) টেলিফোন অপারেটর এর জন্য ৪ বৎসরের অভিজ্ঞতা সমেত এইচ এস সি।<br><br>[illegible] জন্য সাঁট লিপিতে ও মুদ্রাক্ষরিকে প্রতি মিনিটে যথা-ক্রমে ইংরেজীতে ৮০ ও ৩০ এবং বাংলায় ৫০ ও ২৫ শব্দের গতি সহ এইচ এস সি।<br><br>(ঈ) অনান্য পদের বেলায় স্ব স্ব ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত স্নাতক ডিগ্রী অথবা মষ্টার ডিগ্রী। | জেঃ করনিক/ইউডিএ পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১২। | সাঁট মুদ্রাক্ষরিক। | ১৮-২৭ বৎসর | সরাসরি নিয়োগ | সাঁট লিপিতে ও মুদ্রাক্ষরিকে প্রতি মিনিটে যথাক্রমে ইংরজীতে ৭০ ও ২৮ শব্দের এবং বাংলায় ৪৫ ও ২৩ শব্দের গতি সম্পন্ন এইচ এস সি। (অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হইবে)। | সরাসরি নিয়োগ। |
| ১৩। | জেষ্ঠ্য করণিক/ইউডিসি/উর্দ্ধতন সেবিকা/গাড়ী চালক (ভারী)। | ২৭ বৎসর | ক্রমিক নং-১৪ এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) উর্দ্ধতন সেবিকার জন্য নার্সিং এ ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত এইচ এস সি। | কনিষ্ঠ করণিক/এলডিএ/ এলডিএ-কাম টাইপিষ্ট/ টেলিফোন অপারেটর পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |



বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জানুয়ারী ১৬, ১৯৮৬

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | | | (আ) গাড়ীচালক (ভারী) এর জন্য ভারী গাড়ী চালনায় লাইসেন্সসহ ৫ বৎসরের অভিজ্ঞতা সমেত ৮ম শ্রেণী।<br>(ই) অন্যান্য পদের বেলায় স্ব স্ব ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন এইচ এস সি অথবা স্নাতক ডিগ্রী। | গাড়ী চালক (হালকা) পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১৪। | কনিষ্ঠ করণিক/এলডিসি/এলডিএ-কাম-টাইপিষ্ট/টেলিফোন অপারেটর/মুদ্রাক্ষরিক/গাড়ী চালক (হালকা)। | ২৭ বৎসর | ক্রমিক নং-১৬ ও ১৭ এর পদসমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | (অ) গাড়ী চালক (হালকা) এর জন্য হারকা গাড়ী চালনায় লাইসেন্স সহ ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত ৮ম শ্রেণী।<br>(আ) মুদ্রাক্ষরিকের জন্য প্রতি মিনিটে ইংরেজিতে ৩৫ ও বাংলায় ২৫ শব্দের গতি সম্পন্ন এইচ এস সি।<br>(ই) অন্যান্য পদের বেলায় স্ব স্ব ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ | ডেসপাচার/ডেসপাচ রাইডার/রেকর্ড সর্টার/রেকর্ড কিপার পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা (টেলিফোন অপারেটর/গাড়ীচালক (হালকা) পদ ব্যতীত)। |




| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৫। | সিকিউরিটি হাবিলদার | ৪৫ বৎসর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের ক্ষেত্রে শিথিলযোগ্য)। | ক্রমিক নং-২১ এর পদ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদটি পূরণ করা যাইবে। | সেনাবাহিনী/পুলিশ বাহিনী/আনসার বাহিনীর অভিজ্ঞতা সমেত এস এস সি। | সিকিউরিটি গার্ড পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১৬। | রেকর্ড কিপার/রেকর্ড সর্টার | ২৭ বৎসর | ক্রমিক নং-২০ এর পদ সমূহ হইতে ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে পদগুলি পূরণ করা যাইবে। | স্ব স্ব ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত ৮ম শ্রেণী পাশ। | পিয়ন/ক্লিনার/এম এল এস এস পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১৭। | ডেসপাচার/ডেসপাচ রাইডার/প্লাম্বার/লিফট ম্যান। | ১৮-২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্ব স্ব ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত ৮ম শ্রেণী পাশ। | |
| ১৮। | ইলেকট্রিশিয়ান | ১৮-২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ইলেকট্রিশিয়ান এর লাইসেন্স সহ ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত ৮ম শ্রেণী। | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ১৯। | গ্যাসট্রেটনার অপারেটর/কোরিয়ার/ দপ্তরী। | ১৮-২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্ব স্ব ক্ষেত্রে ৩ বৎসরের অভিজ্ঞতা সমেত ৮ম শ্রেণী। | |
| ২০। | পিয়ন/ক্লিনার/ঝাড়ুদার/মালি/বাস হেলপার/এমএলএস এস। | ১৮-২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী। | |
| ২১। | সিকিউরিটি গার্ড। | ৪০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সিকিউরিটি গার্ডের ক্ষেত্রে সেনাবাহিনী/পুলিশ বাহিনী/ আনসার বাহিনীর অভিজ্ঞতা সমেত ৮ম শ্রেণী। | |

**কর্ণেল সৈয়দ সাহাবুদ্দিন আহমেদ (অঃ)**
চেয়ারম্যান।

**এ,কে,এম, মোশাররফ হোসেন**
সচিব।





**প্রজ্ঞাপন**

**ঢাকা, ৩রা মাঘ, ১৩৯৫/১৬ই জানুয়ারী, ১৯৮৯**

এস, আর, ও ২৩-আইন/৮৯ – Bangladesh Industrial Enterprises (Nationalisation) …er, 1972 (P. O. No. 27 of 1972) এর Article 24 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার …gladesh Chemical Industries Corporation Recruitment Rules, 1985 এতদ্বারা … করিলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**আনোয়ারুজ্জামান চৌধুরী**
যুগ্ম-সচিব।

নুসরাত জাহান
উপ-কর্মচারী প্রধান (প্রশাসন)
বি, সি, আই, সি, ঢাকা।